গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৫-৪৬৪

তারিখঃ ১৪ কার্তিক ১৪২৪
২৯ অক্টোবর ২০১৭

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
এজিবি (সিভিল) ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি বছরের "মা ইলিশ সংরক্ষণ, ২০১৭" অভিযান, জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম, বেহন্দি অন্যান্য অবৈধ জাল অপারেশনে কম্বিং অপারেশন এবং জাটকা সংরক্ষণ সপ্তাহ বাস্তবায়নের জন্য চলতি ২০১৭-১৮ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেটে '৩-৪৪০১-০০০১-৬৬০৫ বিশেষ অপারেশন' কোডে বরাদ্দকৃত ৬.০০ (ছয়) কোটি টাকা হতে সহায়তাকারী বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের অনুকূলে ৩য় কিস্তিতে ১১৬.৫০ (এক কোটি ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ ও অগ্রিম উত্তোলনে সরকারী মঞ্জুরী প্রসঙ্গে।

মহোদয়,

আদিষ্ট হয়ে চলতি বছরের "মা ইলিশ সংরক্ষণ, ২০১৭" অভিযান, জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম, বেহন্দি অন্যান্য অবৈধ জাল অপারেশনে কম্বিং অপারেশন এবং জাটকা সংরক্ষণ সপ্তাহ বাস্তবায়নের জন্য চলতি ২০১৭-১৮ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেটে '৩-৪৪০১-০০০১-৬৬০৫ বিশেষ অপারেশন' কোডে বরাদ্দকৃত ৬.০০ (ছয়) কোটি টাকা হতে সহায়তাকারী বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের অনুকূলে নিম্নের বিভাজন অনুযায়ী ৩য় কিস্তিতে ১১৬.৫০ (এক কোটি ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বরাদ্দ ও অগ্রিম উত্তোলনের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

(অংকসমূহ টাকায়)

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | | মোট বরাদ্দ | ৩য় কিস্তিতে বরাদ্দ ও ছাড় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | | ২৫,০০০/- | ১২,৫০০/- | মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বিভিন্ন ধরণের সভা, সেমিনার ও আনুষঙ্গিক ব্যয় বাবদ। |
| ২ | সশস্ত্র বাহিনী বিভাগ | | ১,৩০,০০০/- | ৬৫,০০০/- | সভা, সেমিনার ও আনুষঙ্গিক ব্যয় বাবদ। |
| ৩ | মৎস্য অধিদপ্তর | | | | |
| | ক) | প্রচারণা ও সদর দপ্তরের কাযাদি বাবদ | ৩,৪৫,০০০/- | ১,৭২,৫০০/- | বিভিন্ন পর্যায়ের সভা,সেমিনার,পত্রিকায় বিজ্ঞাপন প্রদান,টিভি ফিলার,/টিভি স্পট তৈরী ও প্রচার, প্রচারণা এবং সদর দপ্তরের কার্যাদি বাস্তবায়নে আনুষঙ্গিক ব্যয় বাবদ। |
| | খ) | জাটকা ও মা ইলিশ সংরক্ষণ অভিযান বাস্তবায়ন পরবর্তী বিভাগীয় মূল্যায়ন সভা | ৩,০০,০০০/- | ১,৫০,০০০/- | অভিযান পরবর্তী দুটি বিভাগে মূল্যায়ণ সভার ব্যয় বাবদ। |
| ৪ | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | | ২,০০,০০০/- | ১,০০,০০০/- | জাটকা ও মা ইলিশ সংক্রান্ত প্রচারণার জন্য ব্যয় বাবদ। |
| ৫ | প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম | মৎস্য অধিদপ্তর | ৫,০০,০০০/- | ২,৫০,০০০/- | সংবাদ সম্মেলন, সভা, আকস্মিক পরিদর্শন, মন্ত্রণালয়ের সভা, পোস্টার, লিফলেট তৈরী এবং সদর দপ্তরের কার্যাদি (কন্ট্রোল রুম, কেন্দ্রীয় ও মহানগর মনিটরিং টিমের ব্যয় বাবদ) বাস্তবায়নে আনুষঙ্গিক ব্যয় বাবদ। |
| | | বাংলাদেশ বিমান বাহিনী | ১০,০০,০০০/- | ৫,০০,০০০/- | অভিযান পরিচালনা ব্যয় বাবদ। |
| | | বাংলাদেশ নৌবাহিনী | ৪০,০০,০০০/- | ২০,০০,০০০/- | অভিযান পরিচালনা ব্যয় বাবদ। |
| | | বাংলাদেশ কোস্টগার্ড | ৩৫,০০,০০০/- | ১৭,৫০,০০০/- | অভিযান পরিচালনা ব্যয় বাবদ |
| | | নৌ পুলিশ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | অভিযান পরিচালনা ব্যয় বাবদ। |
| | | র‍্যাপিড এ্যাকশন | ৮,০০,০০০/- | ৪,০০,০০০/- | অভিযান পরিচালনা ব্যয় বাবদ। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ব্যাটেলিয়ন (র‍্যাব) | | | |
| | | জেলা প্রশাসন | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | অভিযান পরিচালনা ব্যয় বাবদ। |
| | | মৎস্য অধিদপ্তরের বিভিন্ন বিভাগ, জেলা ও উপজেলা দপ্তরসমূহ | ৮৫,০০,০০০/- | ৪২,৫০,০০০/- | অভিযান পরিচালনা, বিল বোর্ড তৈরী, সভা ও প্রচারণা সংক্রান্ত ব্যয় বাবদ। |
| মোট: উপরোক্ত দপ্তর/সংস্থাসমূহের জন্য ৩য় কিস্তিতে ছাড় | | | | ১,১৬,৫০,০০০/- (এক কোটি ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। | |

**শর্তাবলীঃ**

(১) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(২) অগ্রিম উত্তোলিত অর্থের অব্যয়িত অর্থ ৩০ শে জুন/ ২০১৮ এর মধ্যে অথবা পরবর্তী অগ্রিম গ্রহণের পূর্বে যা আগে আসে সমন্বয় করতে হবে। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার প্রত্যয়নসহ;

(৩) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(৪) বিভিন্ন ধরণের ব্যয় অর্থাৎ দৈনিক ভাতা, যাতায়াত ভাতা, সভা/সেমিনারের আপ্যায়ন সরকার নির্ধারিত হারে প্রচলিত বিধি-বিধান অনুসরণে নির্বাহ করতে হবে;

(৫) সিএও কর্তৃক অগ্রিম উত্তোলিত অর্থের সমন্বয়ের প্রত্যয়ন পত্র মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য-২ অধিশাখায় প্রেরণ করতে হবে।

০২। ৩য় কিস্তি বাবদ জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন এবং মৎস্য অধিদপ্তরের বিভিন্ন বিভাগ, জেলা ও উপজেলা দপ্তরসমূহের বরাদ্দ হতে দপ্তরওয়ারী বরাদ্দ পরবর্তীতে প্রদান করা হবে।

০৩। সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ বিমান বাহিনী ও বাংলাদেশ নৌবাহিনীর অনুকূলে পৃষ্ঠাংকনপূর্বক বুক ট্রান্সফার (৩-৪৪০১-০০০১-৬৬০৫) এর মাধ্যমে সিজিডিএফ, সেগুনবাগিচা, ঢাকাকে বাহিনীর বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ ন্যস্ত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(মোঃ হামিদুর রহমান)
উপ-সচিব
ফোন : ৯৫৭৬৩৫৬
fisheries-2@mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৫-৪৬৪

তারিখঃ ১৪ কার্তিক ১৪২৪ / ২৯ অক্টোবর ২০১৭

সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-২০: উপরোক্ত সরকারি আদেশের ৩কপি এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত সরকারি আদেশের ১কপি স্বাক্ষর করে প্রধান হিসবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং ১কপি এ মন্ত্রণালয়ের মৎস্য-২ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ হামিদুর রহমান)
উপ-সচিব

নং-০৭.১২০.০০১৪.০২.০০.০৪৭.২০১২-　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ

উপরোক্ত সরকারি আদেশ নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৫-৪৬৪ তারিখঃ ২৯/১০/২০১৭ খ্রি. তে অর্থ বিভাগের সম্মতি আছে।

(মোহাম্মদ ফারুক-উজ-জামান)
উপসচিব
বাজেট শাখা-২০, অর্থ বিভাগ,
অর্থ মন্ত্রণালয়

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৫-৪৬৪(১৮)

তারিখঃ ১৪ কার্তিক ১৪২৪ / ২৯ অক্টোবর ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. প্রিন্সিপ্যাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কাযালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২. বিমান বাহিনী প্রধান, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩. নৌ বাহিনী প্রধান, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা।
৪. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ফুলবাড়িয়া, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
৮. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, উত্তরা, ঢাকা।
৯. যুগ্মসচিব (বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১০. মহাপরিচালক,মৎস্য অধিদপ্তর ,মৎস্য ভবন,ঢাকা।
১১. ডিআইজি, নৌপুলিশ ,বাংলাদেশ পুলিশ, মিরপুর-১, ঢাকা।
১২. জেলা প্রশাসক--------------------------------------------------------------------------।
১৩. উপ-পরিচালক,মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর,মৎস্য ভবন,ঢাকা।
১৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৫. জেলা মৎস্য কর্মকর্তা--------------------------------------------------------------------।
১৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা----------------------------------------------------------------।
১৭. উপজেলা নির্বাহী অফিসার------------------------------------------------------------------।
১৮. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা -------------------------------------------------------------।

(মোঃ হামিদুর রহমান) ২৯/১০/১৭
উপ-সচিব